

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।  
[www.dls.ullapara.sirajganj.gov.bd](http://www.dls.ullapara.sirajganj.gov.bd)

স্মারক নং: ৩৩.০১.৮৮৯৪.০০০.১৬.০০১.২১/৩৪৭


তারিখ: ০৮/১২/২০২১ খ্রিঃ

নোটিশ

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় 'প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প' এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাস চাষে উদ্বুদ্ধ করণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রতি উপজেলায় ০১(এক) জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-২ কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহবান করা হলো। আগ্রহীদের আগামী ১৫/১২/২০২১ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিদ তথ্যাদি সহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

০১. ডিপির সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ অফিসার এর তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/= নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সংযুক্ত হতে আগ্রহী হতে হবে।
০২. সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি/সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
০৩. নিজে গবাদী পশু পালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
০৪. উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাসের ত্রয়-বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
০৫. প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
০৬. অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
০৭. বয়স ২০-৪৫ এর মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্প সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
০৮. ছাত্র-ছাত্রী/একই বা ভিন্ন কোন প্রতিষ্ঠানে কর্মরতদের কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে আবেদনের প্রয়োজন নেই।
০৯. আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃত্ব ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
১০. প্রকল্পে লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লিখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথ ভাবে পালনের মানসিকতা থাকতে হবে।



(ডাঃ মোর্শেদ উদ্দীন আহম্মদ)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার

উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

ফোন নং: ০২৫৮৮৮৩৩৯৫৬

ই মেইল : [afoullapara@gmail.com](mailto:afoullapara@gmail.com)

ও

সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের  
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ সহ প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
  - ২। উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
  - ৩। চেয়ারম্যান,.....ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
  - ৪। নোটিশ বোর্ড ও ওয়েবসাইট, অত্র দপ্তর।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :
- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৫, সিরাজগঞ্জ-৪, উল্লাপাড়া।
  - ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
  - ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিরাজগঞ্জ।
  - ৪। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প।
  - ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
  - ৬। অফিস নথি।